সেবার মাধ্যমে এগিয়ে
যাওয়াই প্রকৃত কল্যাণ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রবাসী কল্যাণ সেন্টার, কুষ্টিয়া**
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
কাস্টমস মোড়, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।
www.wewb.gov.bd

স্মারক নং- ৪৯.০৪.৫০০০.০০৫.১৮.০০১.২৩- ৫৮৫

তারিখ: ২৪/ ০২/ ২০২৬খ্রিঃ

**বিষয়: প্রবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানদের "প্রতিবন্ধী ভাতা-২০২৬" বিজ্ঞপ্তি প্রকাশ প্রসঙ্গে।**

১। সূত্র: ৪৯.০৪.০০০০.১২১.১১.০০১.২৬-০৩, তারিখ: ০৮/০২/২০২৬ খ্রি:

২। সূত্র: ৪৯.০৪.০০০০.১২১.১১.০০১.২৬-০৯, তারিখ: ০৮/০২/২০২৬ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী ও তাদের পরিবারের সদস্যদের বিভিন্ন সেবামূলক বা কল্যাণমূলক কাজ করে থাকে। প্রবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানদের "প্রতিবন্ধী ভাতা-২০২৬" এর জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। "প্রতিবন্ধী ভাতা-২০২৬" এর বিজ্ঞপ্তি টি বহুল প্রচারের নিমিত্ত জেলা প্রশাসকের কার্যালয়/ জেলা পরিষদ /পৌরসভা /উপজেলা পরিষদ/ ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল এবং নোটিশ বোর্ডে প্রকাশ করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে জেলা প্রশাসকের কার্যালয়/ জেলা পরিষদ/ পৌরসভা/ উপজেলা পরিষদ / ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল এবং নোটিশ বোর্ডে উক্ত বিজ্ঞপ্তি টি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

সংযুক্তি: ১। বিজ্ঞপ্তি কপি

২৪/০২/২৬

**(মোঃ হারুন-অর-রশিদ)**
সহকারী পরিচালক (ভারপ্রাপ্ত)
প্রবাসী কল্যাণ সেন্টার,কুষ্টিয়া।
ফোন: ০২-৪৭৭৭৮২২৪৮
মোবাইল-০১৯৫৩৬৪০০০২
wc.kushtia@wewb.gov.bd

জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পরিচালক (তথ্য প্রযুক্তি, গবেষণা ও পরিকল্পনা), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড;
০২। মেয়র/ চেয়ারম্যান/ প্রশাসক, জেলা পরিষদ/ পৌরসভা/ উপজেলা পরিষদ/ ইউনিয়ন পরিষদ (সকল) কুষ্টিয়া জেলা;
০৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুষ্টিয়া জেলা;
০৪। সহকারী কমিশনার, প্রবাসী কল্যাণ ডেস্ক, জেলা প্রশাসকের কার্যালয়,কুষ্টিয়া;
০৫। জেলা তথ্য অফিসার, কুষ্টিয়া;
০৬। সমাজ সেবা অধিদপ্তর, কুষ্টিয়া;
০৭। অধ্যক্ষ, কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র, টিটিসি, কুষ্টিয়া;
০৮। সহকারী পরিচালক/ সহকারী পরিচালক(ভারপ্রাপ্ত), ডিইএমও, কুষ্টিয়া;
০৯। ম্যানেজার, প্রবাসী কল্যাণ ব্যাংক, কুষ্টিয়া;
১০। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
১১। অফিস নথি/২০২৬।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
www.wewb.gov.bd

নম্বর-৪৯.০৪.০০০০.১২১.১১.০০১.২৬- ০৬ তারিখ: ০৮/০২/২০২৬খ্রিঃ।

# বিজ্ঞপ্তি

## প্রবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানদের "প্রতিবন্ধী ভাতা-২০২৬" প্রদানের জন্য আবেদন আহ্বান

প্রবাসী কর্মীর সন্তানদের "প্রতিবন্ধী ভাতা" প্রদানের নিমিত্ত প্রতিবন্ধী সন্তানের পিতা/মাতা/অভিভাবকের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

(১) আবেদনের যোগ্যতা:

ক) যে সকল প্রবাসী কর্মী বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র/ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বারশিপ গ্রহণ করেছেন;

খ) মৃত কর্মীর ক্ষেত্রে যাদের পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান প্রদান করা হয়েছে;

(২)মাসিক ২০০০/-(দুই) হাজার টাকা হারে বাৎসরিক ২৪০০০/-(চব্বিশ হাজার)টাকা ০৭ বছর মেয়াদের জন্য এ ভাতা প্রদান করা হবে এবং ১লা জানুয়ারি ২০২৬ থেকে তা কার্যকর হবে;

(৩) **একজন প্রবাসী কর্মীর একাধিক সন্তানের ক্ষেত্রে পৃথকভাবে আবেদন করতে হবে(সর্বোচ্চ-২ জন);**

(৪) **আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে-**

ক) প্রতিবন্ধী সন্তানের পিতা/মাতার পাসপোর্ট এর ফটোকপি (অনলাইন ও সরাসরি আবেদনের ক্ষেত্রে) ;
খ) প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর ক্ষেত্রে বাংলাদেশ দূতাবাস কর্তৃক ইস্যুকৃত NOC (সরাসরি আবেদনের ক্ষেত্রে);
গ) সরাসরি আবেদনের ক্ষেত্রে প্রতিবন্ধী সন্তানের ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং অনলাইনে আবেদনের ক্ষেত্রে ০১(এক) কপি ছবি;
ঘ) উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক প্রদত্ত সুবর্ণ নাগরিক পরিচয়পত্র/কার্ড এর সত্যায়িত ফটোকপি (অনলাইন ও সরাসরি আবেদনের ক্ষেত্রে);
ঙ) প্রতিবন্ধী সন্তানের পিতা/মাতার বিএমইটি'র বহির্গমন ছাড়পত্রের পৃষ্ঠাসহ পাসপোর্ট এর ফটোকপি (সরাসরি আবেদনের ক্ষেত্রে প্রযোজ্য);
চ) চেক গ্রহণকারী পিতা/মাতা/অভিভাবকের (ব্যাংক রাউটিং নাম্বার সহ) ব্যাংক হিসাবের স্টেটমেন্ট (অনলাইন ও সরাসরি আবেদনের ক্ষেত্রে);

(৫) **আবেদনের প্রক্রিয়া:**

ক) **অনলাইনে আবেদন-**

।) অনলাইনে আবেদনের লিংক: **https://portal.wewb.gov.bd/**

॥) অনলাইনে আবেদন গ্রহণের সময়: ১৫ ফেব্রুয়ারী ২০২৬ হতে ৩১ মার্চ ২০২৬পর্যন্ত;

খ) **সরাসরি আবেদনের-**

।) শুধুমাত্র ০১-১২-২০০৪ইং তারিখের পূর্বে ইস্যুকৃত পাসপোর্টে ম্যানুয়াল বহির্গমন ছাড়পত্রের ক্ষেত্রে বোর্ডের উপ-পরিচালক(তথ্য ও জনসংযোগ)অথবা সহকারী পরিচালক/সহকারী পরিচালক (ভারপ্রাপ্ত)প্রবাসী কল্যাণ সেন্টার কর্তৃক মূল পাসপোর্ট উপস্থাপনপূর্বক সত্যায়ন করে আবেদন সাথে জমা দিতে হবে;

॥) সরাসরি আবেদনের জন্য ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের প্রধান কার্যালয়/ বোর্ডের ওয়েবসাইট **www.wewb.gov.bd** / প্রবাসী কল্যাণ সেন্টার হতে আবেদপত্র বিনা মূল্যে সংগ্রহ করা যাবে;

III) সরাসরি আবেদন গ্রহণের সময় ও ঠিকানা: আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ ৩১ মার্চ ২০২৬ তারিখের মধ্যে ওয়েজ **আর্নার্স কল্যাণ বোর্ড, ৯ম তলা (ডেসপাস শাখা), প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা,** ঢাকার ঠিকানায় পৌঁছাতে হবে;

(৬) আবেদনে তথ্য ভুল প্রমানিত হলে অথবা কোন তথ্য অসম্পূর্ণ থাকলে আবেদন বাতিল বলে গণ্য হবে;

(৭) প্রতিবন্ধী ভাতা প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

(৮) **২০২১, ২০২২, ২০২৩, ২০২৪ এবং ২০২৫** সালে "প্রতিবন্ধী ভাতা" প্রাপ্তদের আবেদন করার প্রয়োজন নেই;

(৯) যে কোন তথ্যের জন্য প্রবাসবন্ধু কল সেন্টারে (দেশ থেকে: **১৬১৩৫** টোল ফ্রি, বিদেশ থেকে **+৮৮০৯৬১০১০১০৩০**) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

০৮/০২/২৬
মোঃ সাইদুর রহমান
উপসচিব
পরিচালক (তথ্য প্রযুক্তি,গবেষণা ও পরিকল্পনা)
d.irp@wewb.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড**
প্রবাসী কল্যাণ ভবন
ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
www.wewb.gov.bd

স্মারক নম্বর- ৪৯.০৪.০০০০.১২১.১১.০০১.২৬-০৯ তারিখ: ০৮/০২/২০২৬ইং।

**বিষয়: প্রবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানদের "প্রতিবন্ধী ভাতার" দরখাস্ত আহ্বান এর বিজ্ঞপ্তি প্রচার সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানদের "প্রতিবন্ধী ভাতা- ২০২৬" প্রদানের নিমিত্ত ১৫ ফেব্রুয়ারী থেকে ৩১ মার্চ এর মধ্যে দরখাস্ত আহ্বান করা হয়েছে। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ওয়েব সাইটে (www.wewb.gov.bd)এবং Portal.wewb.gob.bd তে বিজ্ঞপ্তি পাওয়া যাচ্ছে।

এমতাবস্থায়, প্রবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানদের "প্রতিবন্ধী ভাতা- ২০২৬" প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তিটি বিভাগীয় কমিশনার কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, শ্রমকল্যাণ উইং (বাংলাদেশ দুতাবাস), সমাজ সেবা অধিদপ্তর, বিএমইটি (DEMO এবং TTC সহ, প্রবাসী কল্যাণ ব্যাংক, বোয়েসেল, প্রবাসী কল্যাণ সেন্টার এবং সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরে ওয়েব সাইট এবং সোশ্যাল মিডিয়ায় বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বিজ্ঞপ্তির কপি ০১ (এক) পাতা।

৮/০২/২৬
মোঃ সাইদুর রহমান)
উপসচিব
পরিচালক (আইআরপি)
ফোনঃ +৮৮০২ ২২২২২২৬১৯
ই-মেইলঃ d.irp@wewb.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। কনসাল জেনারেল/মিনিস্টার (শ্রম)/কাউন্সেলর (শ্রম)/প্রথম সচিব (শ্রম)/হেড অব চ্যান্সারী কনস্যুলেট জেনারেল অব বাংলাদেশ/ বাংলাদেশ দূতাবাস/বাংলাদেশহাইকমিশন আবুধাবী/দুবাই/জেদ্দা/ রিয়াদ/কুয়েত/ কাতার/ওমান/বাহরাইন/ইরাক/ মালয়েশিয়া/সিঙ্গাপুর/ব্রুনাই/লেবানন/ জর্ডান/মিশর/লিবিয়া/দক্ষিণ কোরিয়া/ গ্রীস/ মালদ্বীপ/জাপান/মরিশাস/ইতালি (মিলান)/ইতালি (রোম)/নিউইয়র্ক, ইউএসএ/পর্তুগাল/স্পেন/জেনেভা, সুইজারল্যান্ড/থাইল্যান্ড/প্যারিস, ফ্রান্স/অস্ট্রেলিয়া।
২। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩। মহাপরিচালক, বিএমইটি, ঢাকা।
৪। মহাব্যবস্থাপক , প্রবাসী কল্যাণ ব্যাংক, ঢাকা।
৫। মহাব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, ঢাকা।

৬। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
৭। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয় (সকল)
৮। অধ্যক্ষ, কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র, টিটিসি, (সকল)।
৯। সহকারী পরিচালক/ সহকারী পরিচালক (ভারপ্রাপ্ত), ডিইএমও (সকল)।
১০। সহকারী পরিচালক/ সহকারী পরিচালক (ভারপ্রাপ্ত), প্রবাসী কল্যাণ সেন্টার।

স্মারক নম্বর- ৪৯.০৪.০০০০.১২১.১১.০০১.২৬-০৯(০৫)

তারিখ: ০৮/০২/২০২৬ইং।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
২। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। অফিস কপি।

মোঃ সাইদুর রহমান)
উপসচিব
পরিচালক (আইআরপি)